

# **■■** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৪৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্ )

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - ফারায়িয (মৃত ব্যক্তির সম্পত্তি বণ্টন সম্বন্ধীয়) ও অন্তিম উপদেশ বা আদেশ)

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْقَاتِلُ لَا يَرِثُ». رَوَاهُ التِّرْمِذِيّ وَابْنِ مَاجَه

#### বাংলা

৩০৪৮-[৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হত্যাকারী (নিহতের) উত্তরাধিকার হয় না। (তিরমিয়ী ও ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ২১০৯, ইবনু মাজাহ ২৭৩৫, সহীহ আল জামি' ৪৪৩৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা : ইমাম ইবনুল মালিক (রহঃ) বলেনঃ যে হত্যার দ্বারা হত্যাকারীর কিসাস অথবা কাফফারা ওয়াজিব হয়। ঐ ধরনের হত্যাকারী হত্যাকৃত ব্যক্তি থেকে উত্তরাধিকার সূত্রে সম্পদ লাভ করবে না।

'আল্লামা মুযহির বলেনঃ এ হাদীসের ভিত্তিতে ইচ্ছাকৃত হত্যা ও ভুলক্রমে হত্যা, এমনকি পাগল এবং অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির হত্যার হুকুম একই।

ইমাম মালিক (রহঃ) বলেনঃ যদি হত্যাকারী ভুলবশতঃ কাউকে হত্যা করে তাহলে উত্তরাধিকারী সম্পদ থেকে বঞ্চিত হবে না।

ইমাম আবূ হানীফাহ্ (রহঃ) বলেনঃ হত্যাকারী যদি অপ্রাপ্তবয়স্ক বা পাগল হয় তাহলে তারা উত্তরাধিকারী সম্পদ থেকে বঞ্চিত হবে না। কেননা তাদের ওপর শারী'আতের বিধান প্রযোজ্য হয় না।

শারহেল ফারায়িযে 'আল্লামা সাইয়্যিদ শারীফ বলেছেনঃ হত্যাকারী মীরাস থেকে তখনই বঞ্চিত হবে যখন সে না



হক হত্যা করবে। কিন্তু কেউ যদি কাউকে কিসাস অথবা হাদ্দ কায়িম করতে গিয়ে অথবা কারো আক্রমণ প্রতিহত করতে গিয়ে হত্যা করে তাহলে সে মৃত ব্যক্তির উত্তরাধিকার থেকে বঞ্চিত হবে না। অনুরূপ ন্যায়বিচারক শাসক বিদ্রোহী হত্যা করলে সে তার উত্তরাধিকার থেকে বঞ্চিত হবে না। (তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ২১০৯; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন